



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৩১৪

তারিখ : ০২/০৯/১৬

বিষয় : জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা আয়োজন।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের-১০-০৮-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৬৫.৪১.০৬৭.১৬-৪২২ নং পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৩ সেপ্টেম্বর-২০১৬ তারিখ আপনার বিদ্যালয়ে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভার আয়োজন করতে হবে, প্রতিষ্ঠান প্রধানগণ এ কার্যক্রম বাস্তবায়নের সার্বিক উদ্যোগ গ্রহণ করবেন।

০২. উক্ত আয়োজিতব্য সভায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করতে হবে। একই সাথে নিয়মিত ভাবে সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়ানুষ্ঠান আয়োজন, স্কাউটিং ও গার্ল গাইডস কার্যক্রম বৃদ্ধি করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষাবান্ধব পরিবেশ তৈরীর বিষয়েও আলোচনায় আলোকপাত করতে হবে।

০৩. আয়োজিতব্য এ সভায় সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট ব্যক্তি community leader, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

০৪. জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এ কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন।

০৫. এমতাবস্থায় আগামী ০৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক আপনার শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা আয়োজন করার জন্য অনুরোধ করা হল


(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদশক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪



অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধানগণ